গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি যানবাহন অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়
সচিবালয় লিংক রোড, ঢাকা
(www.dgt.gov.bd)

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

নং-০৫.০৩.০০০০.০০০.০০২.১১.০০০৮.২৫- ৫৭

তারিখ : ২৫.০১.২০২৬ খ্রি.

# নিয়োগপত্র

সরকারি যানবাহন অধিদপ্তরের বিভাগীয় নির্বাচন কমিটির ০৮.০৫.২০২৫ খ্রি., ১৪.০৫.২০২৫ খ্রি. এবং ০২/০৬/২০২৫ খ্রি. তারিখের সভায় সুপারিশকৃত এবং স্বাস্থ্য পরীক্ষা ও প্রাক-চাকরি বৃত্তান্ত যাচাই কার্যক্রমে উত্তীর্ণ নিম্নবর্ণিত প্রার্থীকে 'সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর' পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১৪ তম গ্রেডে (১০,২০০-২৪,৬৮০/-) রাজস্ব খাতের স্থায়ী শূন্য পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | প্রার্থীর নাম ও পিতা-মাতার নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১ | নাম : মো: মনিমুল হক<br>পিতা : মো: আছাদ উল্লাহ খান<br>মাতা : পারভীন বেগম | গ্রাম : জাওয়ানী, ডাকঘর : পাইলাটী-২৪১১, উপজেলা : পূর্বধলা, জেলা : নেত্রকোনা | গ্রাম : জাওয়ানী, ডাকঘর : পাইলাটী-২৪১১, উপজেলা : পূর্বধলা, জেলা : নেত্রকোনা |

০২। **নিয়োগের শর্তাবলি :**

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) যোগদানকৃত প্রার্থী যোগদানের তারিখ হতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড-১৪ অনুযায়ী বেতন ও সরকারি বিধি অনুযায়ী অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি প্রাপ্য হবেন;

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে পরবর্তী ০২(দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। কর্তৃপক্ষ উক্ত শিক্ষানবিশ সময়সীমা বৃদ্ধি (সর্বসাকুল্যে ০২ বছরের অধিক নয়) করতে পারবেন অথবা যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষতা বৃদ্ধি হবার সম্ভাবনা নেই তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন;

(ঘ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ছায়ালিপি দাখিল করতে হবে;

(ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরুপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত অন্য যে কোনো আইন, বিধি-বিধান কার্যকর হবে;

(চ) চাকরিতে তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে;

(ছ) চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;

(জ) উক্ত পদে যোগদানের সময় সরকারি অথবা আধাসরকারি সংস্থায় চাকুরিরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র সংগ্রহ করে যোগদান দাখিল করতে হবে।

০৩। উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৫.০২.২০২৬ খ্রি. তারিখ পূর্বাহ্নে পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বা/- ২৫/০১/২৬

মোঃ খায়রুল কবীর মেনন
পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)
ফোন : ২২৩৩৮৩৪২১
e-mail : pooltc@ dgt.gov.bd

নং-০৫.০৩.০০০০.০০০.০০২.১১.০০০৮.২৫- ৫৭ তারিখ : ২৫.০১.২০২৬ খ্রি.

অবগতি/ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৪. পরিচালক (নৌ/সড়ক), সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

৬. উপসচিব, পরিবহন শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২, পুরানা পল্টন, ঢাকা।

৭. ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা, ঢাকা।

৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

৯. প্রশাসনিক কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।

১০. জনাব, ....................................................................................................।

১১. অফিস কপি- সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণের জন্য।

২৫/১/২৬

মোঃ খায়রুল কবীর মেনন
পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব)
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।